# সামাজিক ও রাজনৈতিক জীবন

## আজকের বিষয়

সামাজিক ন্যায়বিচার ও প্রান্তিককরন

১) সামাজিক ন্যায়বিচার বলতে কি বোঝায়?

✓ **সামাজিক ন্যায়বিচার বলতে বোঝায় ‘ সকলের জন্য সমান অধিকার এবং সকলের জন্য সমান সুযোগ।**

২) সামাজিক ন্যায়বিচারের গুরুত্বপূর্ণ দিকগুলি উল্লেখ কর?

✓ **সামাজিক ন্যায়বিচার ব্যাক্তি ও সম্প্রদায়ের সুরক্ষার জন্য বিশেষ গুরুত্বপূর্ণ। এটি ব্যাক্তির অর্থনৈতিক, শিক্ষামূলক এবং কর্মক্ষেত্রে সুযোগ প্রদান করে।**

৩) সামাজিক ন্যায়বিচার অনুপস্থিতে সমাজে কিসের প্রভাব দেখা দেয়?

**✓ সামাজিক ন্যায়বিচারের অভাবে সমাজে জাতিগত বৈষম্য, বিভাজন ও দুর্নীতি বাড়তে থাকে।**

৪) সামাজিক ন্যায়বিচারের প্রয়োজনীয় শর্তগুলি কি কি?

**✓ সামাজিক ন্যায়বিচারের প্রয়োজনীয়তা শর্তগুলি নিম্নরুপ**

**ক) সবার সাথে সমান আচরণ**

**খ) প্রয়োজনীয় মৌলিক চাহিদা পূরণ করা**

**গ) নিরপেক্ষতা**

**ঘ) সত্যতা**

৫) ভারতের সংবিধানের নির্মাতারা কিভাবে সমাজে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করেছিলেন?

✓ **সংবিধান প্রণেতারা সমাজে ন্যায়বিচারের জন্য বেশ কয়েকটি পদক্ষেপ চালু করেন সেগুলি হল**

**ক) মৌলিক অধিকার সুনিশ্চিত করা।**

**খ) কর্মসংস্থান, শিক্ষাপ্রতিষ্ঠান এবং সংসদ ও রাজ্য আইনসভায় সংরক্ষণের ব্যবস্থা করা।**

**গ) অস্পৃশ্যতার অপসারণ করা**

**ঘ) রাজ্য নীতি নির্দেশিকা মূলক কার্যকরী করা।**

৬) সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষে সংবিধানের কোন ধারায় অস্পৃশ্যতাকে রদ করার কথা বলা হয়েছে?

✓ **ধারা ১৭**

৭) সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার জন্য সরকার কি কি পদক্ষেপ নিতে পারে?

✓ **সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষে সরকার প্রয়োজনীয় আইন প্রণয়ন ও তার প্রয়োগ করতে পারে।**

৮) সংবিধানের কোন ধারায় শোষণের বিরুদ্ধে অধিকারের ব্যাপারে বলা হয়েছে?

✓ **ধরা ২৩ ও ২৪ ধারায়**

৯) কোনো নাগরিকের সামাজিক ন্যায়বিচার কোন ব্যাক্তি বা প্রতিষ্ঠান দ্বারা বাধাপ্রাপ্ত হলে উক্ত ব্যাক্তি কোথায় দ্বারস্থ হরে পারে?

✓ **আদালতে**

১০) সংবিধানের কোন ধারায় বলা হয়েছে যে সমাজে নাগরিকদের ন্যায় ও জীবনের অধিকার যাতে লঙ্ঘিত না হয় তা দেখার দায়িত্ব সরকারের?

✓ **ধারা ২১**

১১) প্রান্তিককরন বলতে কি বোঝায়?

✓ **সমাজে নিম্ন – অবস্থানের মধ্যে সীমাবদ্ধ থাকার প্রক্রিয়া হলো প্রান্তিককরন। এই প্রান্তিককরণের প্রভাবে লোকেরা তাদের সামাজিক, রাজনৈতিক ও অর্থৈতিক সুযোগ সমন্ধে অবগত হতে পারে না।**

১২) সমাজে প্রান্তিকগুষ্টি কারা?

✓ **সমাজের প্রান্তিকগুষ্টি গুলি হল তফশিলী জাতি, তফশিলী উপজাতি,সংখ্যালঘু ও পিছিয়ে পড়া লোকেরা।**

১৩) কোন কোন বিষয়গুলি সমাজে বৈষ্যমতার জন্ম দেয়?

✓ **ক) বর্ণপ্রথা, খ) অস্পৃশ্যতা**

১৪) তফশিলী জাতি এবং তফশিলী উপজাতি অত্যাচার প্রতিরোধ আইন কবে পাশ হয়?

✓ **১৯৮৯**

১৫) সমাজে অর্থনৈতিক বৈষ্যম কি নিয়ে আসে?

✓ **সমাজে ধনী ও দরিদ্রদের মধ্যে অসমতা নিয়ে আসে।**

১৬) সংবিধানে কাদের জন্য সংরক্ষণের ব্যাবস্থা করা হয়?

✓ **তফশিলী জাতি, তফশিলী উপজাতি ও পিছিয়েপড়া লোকদের**

১৭) সংবিধানের কোন ধারায় প্রত্যেক নাগরিককে বৈষ্যম ছাড়া সমান আচরণের কথা বলা হয়েছে?

**ধারা ১৫**

# সমাপ্ত

## ধন্যবাদ